


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
এফএ এন্ড এমআইএস উইং  
পরিসংখ্যান ভবন  
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা  
[www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd)

  
২০/০৫/২০১৮  
মোহাম্মদ

নং-৫২.০১.০০০০.১০২.৫৫.১৫৩.১৫

তারিখ: জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ  
মে, ২০১৮ খ্রিস্টাব্দ

প্রাপক : উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা  
উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়  
তেরখাদা, খুলনা।

বিষয় : অবসর-উত্তর ছুটি (পিআরএল) ও ছুটির নগদায়ন (লাম্পগ্র্যান্ট) মঞ্জুরী।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এফএ এন্ড এমআইএস উইং এর আওতাধীন খুলনা জেলার তেরখাদা উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জনাব এমডি মোবাইদুল ইসলাম এর এসএসসি পাসের সনদ মোতাবেক তার জন্ম তারিখ ০১ জুন, ১৯৫৯ খ্রিস্টাব্দ। তদানুযায়ী তার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্তির ভিত্তিতে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি শাখা-১ এর ০৬/০৪/২০১০ খ্রিস্টাব্দ তারিখের নং-অম/অবি/প্রবি-১/চা:বি:-৩/২০১০(অংশ-৩)/৬২ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী গণকর্মচারী (অবসর) আইন ১৯৭৪ এর ৪ ও ৭ ধারার সংশোধনী এবং নির্ধারিত ছুটি বিধিমালা ১৯৫৯ এর ৩(১) ধারা এবং অর্থ মন্ত্রণালয় হতে জারিকৃত ২৮/০৫/২০০৫ খ্রিস্টাব্দ তারিখের নং- এস.আর.ও ১১৯/আইন/২০০৫/অম/অবি(বাস্ত:-১)/জা:বে:স্কেল-১/২০০৫/৭৩ সংখ্যক প্রজ্ঞাপন এর অনুল্লেখ ৬ এর ১৩ উপ-অনুল্লেখ মোতাবেক তাকে নিম্নরূপ অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো। উল্লেখ্য, তিনি ০২ (দুই) বৎসর ০২ (দুই) মাস ০৭ (সাত) দিন পূর্ণগড় বেতনে অর্জিত ছুটি এবং ০২ (দুই) বৎসর ০৯ (নয়) মাস ০১ (এক) দিন অর্ধগড় বেতনে অর্জিত ছুটি পাওনা আছেন।

(ক) ৩১ মে, ২০১৮ তারিখে চাকুরি হতে অবসর এবং ০১ জুন, ২০১৮ হতে ৩১ মে, ২০১৯ তারিখ পর্যন্ত ১২ (বার) মাস অবসর-উত্তর ছুটি (পিআরএল)। তিনি ০১ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে চাকুরি হতে চূড়ান্ত অবসর গ্রহণ করবেন।

০২। বর্ণিত অবসর-উত্তর ছুটি অর্থাৎ পিআরএল ব্যতীত অবশিষ্ট পাওনা ০১ (এক) বৎসর ০২ (দুই) মাস ০৭ (সাত) দিন পূর্ণগড় বেতনে অর্জিত ছুটি এবং ০২ (দুই) বৎসর ০৯ (নয়) মাস ০১ (এক) দিন অর্ধগড় বেতনে অর্জিত ছুটিকে পূর্ণগড় বেতনে রূপান্তর করে মোট ছুটির পরিমাণ (০১ (এক) বৎসর ০২ (দুই) মাস ০৭ (সাত) দিন + ০১ (এক) বৎসর ০৪ (চার) মাস ১৬ (ষোলো) দিন)=০২ (দুই) বৎসর ০৬ (ছয়) মাস ২৩ (তেইশ) দিন পূর্ণগড় বেতনে অর্জিত ছুটি হতে অর্থ মন্ত্রণালয় অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ শাখা কর্তৃক প্রকাশিত প্রজ্ঞাপন নং- ০৭.০০.০০০০.১৭১. ১৩.০০৬.১৫-৮১, তারিখ: ১৪ অক্টোবর, ২০১৫ খ্রিস্টাব্দ/২৯ আশ্বিন, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ১৮ (আঠারো) মাসের পূর্ণগড় বেতনে অর্জিত ছুটির বিনিময়ে সর্বশেষ মাসে আহরিত মূল বেতন ২৭,৪৩০/- (সাতাশ হাজার চারশত ত্রিশ) টাকা হারে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ (২৭,৪৩০/- x ১৮)=৪,৯৩,৭৪০/- (চার লক্ষ তিরানব্বই হাজার সাতশত চল্লিশ) টাকা মাত্র ছুটির নগদায়ন (লাম্পগ্র্যান্ট) মঞ্জুর করা হলো।

০৩। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ মঞ্জুরী আদেশ জারি করা হলো।

স্বা.

মোহাম্মদ আবদুল কাদির মিয়া

পরিচালক (প্রশাসন)

ফোন: ০২-৮১৮১৪২১

e-mail: [makm fyff@yahoo.com](mailto:makm fyff@yahoo.com)

তারিখ: ২০ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ  
২০ মে, ২০১৮ খ্রিস্টাব্দ

নং-৫২.০১.০০০০.১০২.৫৫.১৫৩.১৫ - ২৪৮৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ০১। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, খুলনা।
- ০২। উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, খুলনা।
- ০৩। প্রোগ্রামার, ওয়েব সাইট শাখা, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা।
- ০৪। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, তেরখাদা, খুলনা।
- ০৫। জনাব এমডি মোবাইদুল ইসলাম, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তেরখাদা, খুলনা।
- ০৬। অফিস কপি/ব্যক্তিগত নথি।